গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

**জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর এর চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) মার্চ/২০২১ মাসের মাসিক কর্মকান্ড মূল্যায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ জাহাংগীর আলম, অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২১/০৩/২০২১ খ্রি: |
| সময় | : | বেলা-১১.০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী | : | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে জননিরাপত্তা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব জনাব বিকাশ বিশ্বাস, সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। আলোচ্য বিষয়ে উপস্থিত সকলে পৃথক পৃথকভাবে তাদের মতামত প্রদান করেন।

০২.০। আলোচনা:- জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর এর চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) মার্চ/২০২১ মাসের কর্মকান্ড মূল্যায়ন, পূর্ববর্তী মাসের মাসিক সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতি, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত এ বিভাগের চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অর্ধবার্ষিক অগ্রগতির বিষয়সহ সার্বিক বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২.১। বাংলাদেশ পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি চলতি ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) বিভিন্ন বিষয় ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি মার্চ/২০২১ মাসের কর্মকান্ড সভায় উপস্থাপন করেন। তিনি বলেন গত সভার সিদ্ধান্তের আলোকে তা বাস্তবায়নে সচেষ্ট রয়েছেন। এছাড়া এপিএ'র অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ভবিষ্যতে এপিএ'র কার্যক্রম যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সচেষ্ট রয়েছেন।

০২.২। বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও উহার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি মার্চ/২০২১ মাসের কর্মকান্ড সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, গত সভার সিদ্ধান্তের আলোকে এপিএ'র কার্যক্রম যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সচেষ্ট রয়েছেন।

০২.৩। বাংলাদেশ আনসার ভিডিপি অধিদপ্তরের প্রতিনিধি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও উহার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি মার্চ/২০২১ মাসের কর্মকান্ড সভায় উপস্থাপন করেন। তিনি বলেন আনসার ও ভিডিপি অধিদপ্তরের ই-নথি কার্যক্রম বেগবান করার জন্য জোর তাগিদ প্রদান করা হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এপিএ'র অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে সচেষ্ট রয়েছেন।

০২.৪। বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও উহার অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি মার্চ/২০২১ মাসের কর্মকান্ড সভায় উপস্থাপন করেন। তিনি বলেন গত সভার সিদ্ধান্তের আলোকে উহা বাস্তবায়নে সচেষ্ট রয়েছেন। এছাড়া এপিএ'র অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে সচেষ্ট রয়েছেন।

০৩.০। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

৩.১ জননিরাপত্তা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক এপিএ বাস্তবায়নের সংশ্লিষ্ট প্রমাণকসমূহ প্রতিটি সূচকের বিপরীতে আলাদা আলাদাভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.২ মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অর্ধবার্ষিক অগ্রগতির বিষয়ে ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।

(চলমান পাতা-২)

৩.৩ বাংলাদেশ আনসার ভিডিপি অধিদপ্তর কর্তৃক ই-নথি'র ব্যবহার জোরদার করতঃ মাসিক প্রতিবেদন এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩.৪ জননিরাপত্তা বিভাগের ২০২০-২১ অর্থবছরের কর্মসম্পাদন সূচক ২.৫, ২.৬, ২.৯ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে উল্লিখিত সভা, সেমিনার ও ওয়ার্কশপসমূহ দ্রুততার সাথে সরকারের নির্দেশনা মোতাবেক সমাপ্ত করতে হবে।

৩.৫ এ বিভাগের সংশ্লিষ্ট শাখা ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরসমূহ এপিএ বিষয়ে অধিক গুরুত্বারোপসহ এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করবে।

৩.৬ চলমান ২০২০-২১ অর্থবছর ও ভবিষ্যতে এপিএ এর পয়েন্ট অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ জাহাংগীর আলম)
অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি)
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
ও
এপিএ টিম লিডার

নং-৪৪.০০.০০০০.০২৪.০৭.০০৬.২০১৯- ৪০

তারিখ: ০৯ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, ঢাকা।
৫। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব ..................(সকল), অনুবিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব ............................ (সকল) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, ঢাকা।
৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব ............................শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (সদস্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কমিটি,জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা)।
১১। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব/সহকারী প্রোগ্রামার...অর্থসার্ট..........শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (সদস্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কমিটি,জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা)।
১২। অফিস/মাস্টার কপি।

২৩/০৩/২০২১
(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব